গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোণা।
http://kalmakanda.netrokona.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৭২৪০.০০০.২৬.০০৮.১৫- ১০৮৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪৩০বঙ্গাব্দ
১০ডিসেম্বর, ২০২৩খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত চাহিদা পত্রের আলোকে গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) এর শুন্য পদে দফাদার ৭,০০০/-(সাত হাজার টাকা) ও মহল্লাদার ৬,৫০০/-(ছয় হাজার পাচঁশত টাকা) সর্বসাকুল্যে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের জন্য শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | ইউনিয়নের নাম | পদের নাম | শুন্যপদের সংখ্যা | ওয়ার্ড |
|---|---|---|---|---|
| ০২ | ২ নং নাজিরপুর ইউনিয়ন | মহল্লাদার | ০২(দুই) | ০৪,০৭ নং ওয়ার্ড |
| ০৪ | ৪নং বড়খাপন ইউনিয়ন | দফাদার (দফাদার পদোন্নতির মাধ্যমে) | ০১(এক) | ০১-০৯নং ওয়ার্ড |
| | | মহল্লাদার | ০১(এক) | ০৭ নং ওয়ার্ড |
| | ৫ নং লেংগুড়া ইউনিয়ন | মহল্লাদার | ০১(এক) | ০৯ নং ওয়ার্ড |
| ০৮ | ৮ নং রংছাতি ইউনিয়ন | মহল্লাদার | ০২(দুই) | ০৫,০৭ নং ওয়ার্ড |
| | | | | |

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ২৪ডিসেম্বর, ২০২৩খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা বরাবর সরাসরি বা ডাকযোগে নির্ধারিত ফরমে স্বহস্তে পুরণকৃত আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

আবেদনের শর্তাবলী:

০১। আগ্রহী প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ছকে উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শুন্য পদে লোক নিয়োগ করা হবে।

০২। প্রার্থীর বয়স আগামী আগামী ২৫ডিসেম্বর, ২০২৩খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর ও মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ের এবং ওয়েব সাইটে(WWW.kalmakanda.netrokona.gov.bd)ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ের ওয়েব সাইটে আবেদন ফরমের ছায়ালিপি পাওয়া যাবে।

০৪। কোন ধরনের ঘষামাজা, ওভাররাইটিং ও কাটাছেঁড়া আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৬। প্রার্থীর শারীরিক যোগ্যতা:

(ক) উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৫ ফুট ৪ ইঞ্চি, মহিলা প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৫ ফুট ২ ইঞ্চি।

(খ) বুকের মাপ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি এবং ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)

(গ) ওজন - পুরুষ প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে নূন্যতম ৪৫ কেজি।

০৭। মহল্লাদার পদে শিক্ষাগত যোগ্যতা নূন্যতম অষ্টম শ্রেণী পাস অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জে এসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৮। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

(ক) আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (খ) ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (গ) অনলাইন জন্মনিবন্ধনের সত্যায়িত কপি, (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), (ঙ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি (চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (ছ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ/শিক্ষাগত যোগ্যতা নূন্যতম অষ্টম শ্রেণী পাস অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জে এসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমার্ণপত্রের বা মূল সদনের সত্যায়িত কপি, (জ) এতিম, আনসার মহিলা ও উপজাতীয় এবং অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে, (য) মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে প্রমাণাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

(ঞ) দফাদার পদে বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে মহল্লাদার পদে নূন্যতম ০৭ (সাত) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। (ট) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার মূল্য ডাকটিকিটযুক্ত ১০ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে।

০৯।ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না। এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টি এ / ডি এ প্রদান করা হবে না।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার বিধিবিধান ও কোটা যথাযথভাবে অনুসরন করা হবে। প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপর এবং আবেদনে তা স্পষ্টভাবে উল্লেখ করা হবে।

কলমাকান্দা, নেত্রকোণা ২৪৩০, বাংলাদেশ। ফোন: (০৯৫২৭)৫৬০০১; ফ্যাক্স: ০৯৫২৭-৫৬০১১, মোবাইল: ০১৭১৯৭৩৯৪৮৩, ইমেইল: unokalmakanda@mopa.gov.bd
Kalmakanda,Netrokona 2430 Bangladesh.Tel: +8809527-56001; Fax: 09527-56011, Mob: 01719739483, Email: unokalmakanda@mopa.gov.bd

CamScanner

১২। আগামী ২৪ ডিসেম্বর, ২০২৩খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯: ০০) ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত) এ কার্যালয়ে আবেদন পৌছাতে হবে। নির্ধারিত তারিখের / সময়ের শেষে কোনো আবেদন গ্রহণ করা হবে না।
১৩। নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ যেকোন সময়ে সংরক্ষণ করেন।

১০/১২/২৩
(আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং: ০৫.৪৫.৭২৪০.০০০.২৬.০০৮.১৫-১০৮৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪৩০বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০২৩খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়ময়নসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কলমাকান্দা, নেত্রকোণা।
০৬। সহকারী কমিশনার (ভূমি) কলমাকান্দা, নেত্রকোণা।
০৭। অফিসার ইন চার্জ, কলমাকান্দা থানা, কলমাকান্দা, নেত্রকোণা।
০৮।উপজেলা .................................................কর্মকর্তা (সকল) কলমাকান্দা, নেত্রকোণা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
০৯। চেয়ারম্যান,........................................................ ইউপি (সকল) কলমাকান্দা, নেত্রকোণা। (ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়ন এবং হাট বাজরের দর্শনীয় স্থানে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১০।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................................... ইউনিয়ন ভূমি অফিস (সকল) কলমাকান্দা, নেত্রকোণা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১১। সভাপতি, উপজেলা প্রেসক্লাব কলমাকান্দা, নেত্রকোণা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ) ।
১২। জনাব, ........................................................ কলমাকান্দা, নেত্রকোণা।
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।

১০/১২/২৩
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা

# চাকরির আবেদন ফরম

৫x৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ২ কপি)

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার,
কলমাকান্দা, নেত্রকোনা।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম : | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ : | দিন / মাস / বৎসর |
| ৩. | প্রার্থীর নাম : | বাংলায় : | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | |
| ৪. | জাতীয় পরিচয় পত্রের নম্বর : | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | |
| ৫. | জন্ম তারিখ : | | ৬. জন্মস্থান (জেলা) : |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | ..................বছর | ..................মাস ....................... দিন |
| ৮. | মাতার নাম : | | |
| ৯. | পিতা/স্বামীর নাম : | | |
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোষ্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১ | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর : | ই-মেইল (যদি থাকে) : |
| ১২ | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪ | ধর্ম : | ১৫. | পেশা : |
| ১৬ | শিক্ষাগত যোগ্যতা : | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯ | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা : | | এতিম/শারীরিক প্রতিবন্ধী : |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : | আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্য : | অন্যান্য (উল্লেখ করুন) : |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ | দিন / মাস / বৎসর | |
| | ব্যাংক ও শাখার নাম : | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দিন | মাস | বৎসর |
|---|---|---|---|
| | | | |

প্রার্থীর স্বাক্ষর

CS CamScanner